

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ/২৯ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ২০৪-আইন/আয়কর/২০১৬।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 185 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড আয়কর বিকল্প বিরোধ নিষ্পত্তি (পদ্ধতি) বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিয়া এতদ্বারা উহা প্রাক-প্রকাশ করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

- (১) বিধি ৭ এর “পরবর্তী কার্যদিবসের” শব্দগুলির পরিবর্তে “পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) বিধি ১২ এর দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে; যথা:—
“সহায়তাকারী অবশ্যই অধ্যাদেশের section 152O এর sub-section (8) এ বর্ণিত সময়ের মধ্যে বিরোধসমূহ নিষ্পত্তি করিবেন;”।

২। উপরি-উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও কোন আপত্তি বা পরামর্শ থাকিলে সংশ্লিষ্ট ব্যক্তিকে উহা, এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে, নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাইবার জন্য অনুরোধ করা যাইতেছে এবং উক্ত সময়ের মধ্যে সংশোধনী প্রস্তাব সম্পর্কে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে জাতীয় রাজস্ব বোর্ড উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে। উক্ত সময়ের মধ্যে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া না গেলে এইরূপ প্রাক-প্রকাশ চূড়ান্ত প্রকাশ বলিয়া গণ্য করা হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

পারভেজ ইকবাল

সদস্য।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১১৪৪৫)

মূল্য : টাকা ৪.০০